367

দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 21 1999

পৃঃ ৪ কলাম ৩

# একটি ছাত্রাবাসের দুরবস্থা

খুলনা জেলার সরকারী আযমখান কমার্স বিশ্ববিদ্যালয় কলেজের মজিদ ছাত্রাবাস অবহেলার কারণে বর্তমানে নানান সমস্যায় জর্জরিত। অতি পুরাতন অত্র ছাত্রাবাসের ভবনটির চতুর্দিকের দেয়ালের গায়ে বিভিন্ন আগাছা জন্মিয়াছে। দূর হইতে ভবনটিকে একটি ভূতুড়ে বাড়ির মত মনে হয়। ভবনের চতুর্দিক হইতে প্রতিনিয়ত প্লাষ্টার খসিয়া পড়িতেছে। মাঝে মাঝে খসিয়া পড়া প্লাষ্টারের আঘাতে ছাত্রদের আহত হওয়ার ঘটনাও ঘটিতেছে। যে কোন মুহূর্তে অত্র ছাত্রাবাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের ন্যায় ভয়ংকর পরিস্থিতির জন্ম দিতে পারে। ছাত্ররা প্রতিনিয়ত শঙ্কার মধ্যে দিনাতিপাত করিতেছে। যত্রতত্র বিদ্যুতের তার ঝুলিয়া পড়িয়াছে। ছাত্ররা নিজ উদ্যোগে বিদ্যুতের তারে জোড়াতালি দিয়া কোনরকমে কাজ চালাইতেছে। ফলে দেখা যায়, প্রায়শই বিদ্যুতের তারে আগুন ধরিয়া যায়। যে কোন মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটিতে পারে। বাথরুমের অবস্থা অত্যন্ত জরাজীর্ণ। সেপটি ট্যাংকগুলি ময়লায় পরিপূর্ণ হইয়া চতুর্দিকে দুর্গন্ধ ছড়াইতেছে। সমগ্র ছাত্রাবাসে বিরাজ করিতেছে অস্বাস্থ্যকর পরিবেশ। ছাত্রাবাসের ধারণ ক্ষমতার অধিক ছাত্র বলিতে গেলে এখানে কঠিন সংগ্রাম করিয়া থাকিতেছে। ছাত্রাবাসের উন্নয়নে ইতিপূর্বে বহুবার আবেদন-নিবেদন করা হইলেও কলেজ কর্তৃপক্ষ সেদিকে ভ্রুক্ষেপ করেন নাই। এমতাবস্থায় অতি সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

মোঃ রিজাউল করিম,
মজিদ ছাত্রাবাস,
সরকারী আযমখান কমার্স কলেজ,
খুলনা।